# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৬তম বর্ষ ❑ তৃতীয় সংখ্যা ❑ আষাঢ়-১৪২৯, জুন-জুলাই, ২০২২ ❑ পৃষ্ঠা ৮



বঙ্গবন্ধুর সুদূরপ্রসারী চিন্তার ফলে কৃষিতে ঈর্ষণীয় সাফল্য... ২

জাতীয় ফল মেলায় অংশগ্রহণকারীদের পুরস্কার ... ৩

দক্ষিণাঞ্চল বাংলাদেশের কৃষি সম্ভাবনার বড় জায়গা ... ৫

কৃষকের সাথে, কৃষকের পাশে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ... ৬


## নেদারল্যান্ডসে বর্ণাঢ্য কর্মসূচিতে বাংলাদেশ দিবস উদ্‌যাপন, আম উৎসবের উদ্বোধন

নেদারল্যান্ডসের আলমেয়ারে চলমান আন্তর্জাতিক হর্টিকালচার এক্সিবিশনে ০৩ জুলাই ২২ রোববার বর্ণাঢ্য কর্মসূচির মাধ্যমে বাংলাদেশ দিবস পালিত হয়েছে। সকালে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে কর্মসূচি শুরু হয়। এরপর এক্সিবিশনের মূল স্টেজে সেলিব্রেটিং বাংলাদেশ : ট্রান্সফরমিং এগ্রিকালচার' শীর্ষক দিনব্যাপী কর্মসূচির উদ্বোধন করা হয়। এতে মাননীয় কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক এমপি, রাষ্ট্রদূত রিয়াজ হামিদুল্লাহ, এক্সপোর কমিশনার জেনারেল অ্যানেম্যারি জরিটসমা (Annemarie Jorritsma)

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১





মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি নেদারল্যান্ডসের আলমেয়ারে চলমান আন্তর্জাতিক হর্টিকালচার এক্সিবিশনে বাংলাদেশ প্যাভিলিয়নে আম উৎসবের উদ্বোধন করেন

## পুষ্টিজাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে সরকার কাজ করে যাচ্ছে : মাননীয় কৃষিমন্ত্রী




জাতীয় ফল মেলা উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) চত্বরে শুরু হয়েছে তিন দিনব্যাপী জাতীয় ফল মেলা ২০২২। ১৬ জুন ২০২২ সকালে মেলার উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। এবারের প্রতিপাদ্য 'বছরব্যাপী ফল চাষে, অর্থ পুষ্টি দুই-ই আসে'। এরপর পৃষ্ঠা ৪ কলাম ৩

## কৃষিতে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সার্বক্ষণিক প্রস্তুতি রয়েছে : মাননীয় কৃষিমন্ত্রী




সচিবালয়ে মন্ত্রণালয়ের কনফারেন্স রুমে কৃষি খাতে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) নিয়ে পর্যালোচনা সভায় বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

কৃষিতে বন্যা, খরা, সাইক্লোনসহ যে কোন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় কৃষি মন্ত্রণালয়ের সার্বক্ষণিক প্রস্তুতি রয়েছে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, দেশের কৃষি প্রকৃতিনির্ভর এবং কৃষি সবসময়ই বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকিতে থাকে। এরপর পৃষ্ঠা ৭ কলাম ১



কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে কৃষি মন্ত্রণালয়ের সাথে অধীনস্থ সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠানে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি উপস্থিত ছিলেন এবং শুদ্ধাচার পুরস্কার বিতরণ করেন। এ সময় মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও সংস্থা প্রধানরা উপস্থিত ছিলেন (মঙ্গলবার, ২১ জুন ২০২২)। *প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# কুমিল্লা অঞ্চলে সর্বোচ্চ কৃষিকথার গ্রাহক সংগ্রহকারীকে সম্মাননা প্রদান

কৃষি তথ্য সার্ভিস, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা কর্তৃক আয়োজিত ২৯ মে ২০২২ কৃষি প্রযুক্তি প্রসারে কৃষি তথ্য সার্ভিস, কুমিল্লার ভূমিকা শীর্ষক বিজ্ঞানী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিভিন্ন পর্যায়ের কৃষি বিশেষজ্ঞগণের লিখিত, কৃষির নতুন নতুন প্রযুক্তি, অধিক ফলনশীল ফসলের জাত,




*অনুষ্ঠানে সম্মাননা প্রদান করছেন প্রধান অতিথি কৃষিবিদ ড. সুরজিত সাহা রায় পরিচালক, কৃষি তথ্য সার্ভিস*

সেমিনারে কৃষি তথ্য সার্ভিসের পরিচালক কৃষিবিদ ড. সুরজিত সাহা রায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কুমিল্লা অঞ্চল ও জেলা পর্যায়ে কুমিল্লা চান্দিনা উপজেলার কৃষি অফিসার কৃষিবিদ মনিরুল হক রোমেল রেকর্ড পরিমান কৃষিকথার গ্রাহক সংগ্রহ করায় বিজয়ীর হাতে সম্মাননা স্মারক ও ক্রেস্ট তুলে দেন। উল্লেখ্য কৃষিকথা 'কৃষি তথ্য সার্ভিস'র ইতিহাস ও ঐতিহ্য যুগযুগ ধরে বহন করে আসছে। দেশ বরেণ্য কৃষি রোগ ও পোকামাকড়ের আধুনিক ব্যবস্থাপনা, কবিতা, প্রশ্নোত্তর, আগাম কৃষি বার্তা এবং কৃষির সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে লিখা কৃষিকথায় ছাপানো হয়। এই কৃষিকথা পাঠ করে দেশের অসংখ্য কৃষক, ছাত্র, জনতা আধুনিক প্রযুক্তি গ্রহন করে অধিক ফসল উৎপাদনে সক্ষম হয়েছেন। বাংলাদেশ আজ খাদ্যে সয়ংসম্পূর্ণ হওয়ার পিছনে কৃষিকথার ভূমিকা অপরিসীম।

*মো: মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

# বঙ্গবন্ধুর সুদূরপ্রসারী চিন্তার ফলে কৃষিতে ঈর্ষণীয় সাফল্য অর্জন সম্ভব হয়েছে : কৃষি সচিব




*জাতীয় কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়*

বঙ্গবন্ধুর আজীবনের স্বপ্ন ছিল মেহনতী মানুষের ভাগ্য পরিবর্তন করা। বঙ্গবন্ধুর হাত ধরে আমরা শুধু স্বাধীনতাই অর্জন করিনি তার সুদূরপ্রসারী চিন্তার ফলে আজ ৫০ বছর পরে বাংলাদেশের কৃষি বিশ্বের বৃহৎ উৎপাদনশীল দেশের তালিকায় অবস্থান করে নিয়েছে। কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

ক্লাইমেট-স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন ও অভিযোজন প্রকল্পের আওতায় ১৪ জুন ২০২২ খুলনার গল্লামারী মৎস্য বীজ উৎপাদন খামারের সম্মেলন কক্ষে জাতীয় কর্মশালাটি অনুষ্ঠিত হয়েছে।

এ সময় তিনি আরো বলেন, দক্ষিণ অঞ্চলের সবচেয়ে বড় সমস্যা পানি, পানিকে কেন্দ্র করে নতুন নতুন প্রযুক্তি নিয়ে আসতে হবে। টেকসই কৃষি প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে কৃষিকে সবচেয়ে লাভজনক পেশায় রূপান্তরিত করতে হবে। আমাদের যে প্রযুক্তিগুলো আছে সেগুলো ব্যবহার করে প্রযুক্তিনির্ভর, যন্ত্রনির্ভর ও বাণিজ্যিক কৃষিতে রূপান্তরিত করতে পারলে বাংলাদেশে কৃষিই হবে অর্থনীতির মূল চালিকাশক্তি। কৃষিকে লাভজনক পেশায় পরিণত করে ২০৪১ সালের সুখি-সমৃদ্ধ, ক্ষুধামুক্ত বাংলাদেশ গড়ে তুলতে সকলকে শামিল হওয়ার আহবান জানান।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর মহাপরিচালক কৃষিবিদ মোঃ বেনজীর আলম এ কর্মশালায় সভাপতিত্ব করেন। কর্মশালায় কি-নোট উপস্থাপন ও প্রকল্পের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক কৃষিবিদ শেখ ফজলুল হক মনি। মেট্রোপলিটন কৃষি অফিসার দৌলতপুর খুলনা কৃষিবিদ হুসনা ইয়াসমিন এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএই খামারবাড়ি ঢাকার সরেজমিন উইংয়ের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস, ডিএই খুলনা অঞ্চল, খুলনার অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ ফজলুল হক।

দিনব্যাপী এ কর্মশালায় ডিএই খুলনা অঞ্চলের জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা, বারি, ব্রি, এসআরডিআই, বিনার বিজ্ঞানীবৃন্দ, এসসিএ, এআইএস, বিএডিসি, কৃষি উদ্যোক্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক প্রমুখ উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা*

## কীটনাশকের ঝুঁকি হ্রাস সূচনা কর্মশালা অনুষ্ঠিত

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রামের প্রশিক্ষণ হলে ০২ জুলাই ২০২২ অনুষ্ঠিত হয়েছে কীটনাশকের ঝুঁকি হ্রাস সূচনা কর্মশালা। উক্ত কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ মোফাজ্জল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ বেনজির আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

সভায় প্রধান অতিথি বলেন "বর্তমান কৃষি বান্ধব সরকার কৃষি উৎপাদনে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে। কৃষিমন্ত্রী মহোদয় প্রায় সময়ই বলে থাকেন- "কৃষিকে উৎপাদনের সর্বোচ্চ পর্যায়ে নিতে কৃষি যান্ত্রিকীকরণ, কৃষি বাণিজ্যিকীকরণ এবং কৃষিকে রপ্তানিমুখী করে গড়ে তুলতে হবে"। সেজন্যই বিষমুক্ত সবজি উৎপাদনের জন্য রাসায়নিক কীটনাশকের ব্যবহার হ্রাস করে জৈব বালাইনাশক ব্যপকহারে উদ্যোগী হওয়া এবং উদ্যোক্তা তৈরিতে উৎসাহিত করতে হবে।

সভায় অন্যান্য বক্তারা ডিডিটির ব্যাবহার, ক্ষতিকর প্রভাব এবং ডিডিটি বাংলাদেশ হতে অচিরেই নির্মূলের জন্য বিষদ বর্ণনা করেন এবং অচিরেই বাংলাদেশ হতে ডিডিটি দূরীকরণে আশ্বস্ত করেন ড. অনিল কুমার দাস, ন্যাশনাল কনসালট্যান্ট, এফএও। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, এফএও, এআইএস, জিইএফ, ডিএইসহ কৃষি মন্ত্রণালয় অধিনস্ত জেলা ও উপজেলাপর্যায়ের কর্মকর্তা ও গণমাধ্যমকর্মিরা উপস্থিত ছিলেন।

*সৌরভ চন্দ্র বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম*




*কর্মশালায় বক্তব্য প্রধান করেছেন জনাব মোঃ বেনজির আলম, মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর*

## জাতীয় ফল মেলায় অংশগ্রহণকারীদের পুরস্কার প্রদান করে কৃষি মন্ত্রণালয়




*জাতীয় ফল মেলা ২০২২ সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়*

রাজধানীর ফার্মগেটস্থ কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) থ্রি-ডি হলে ১৮ জুন ২০২২ সমাপনী অনুষ্ঠানে মেলায় অংশগ্রহণকারীদের পুরস্কার প্রদান করে কৃষি মন্ত্রণালয়। ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনীতে অংশগ্রহণকারী সরকারি-বেসরকারি স্টল ও শ্রেষ্ঠ ফল চাষিকে পুরস্কৃত করা হয়। আম, কাঁঠাল, লিচু, জাম, কলাসহ দেশি বিদেশি বিভিন্ন বাহারি ফল ও প্রযুক্তি প্রদর্শনের জন্য শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)। এ ছাড়া সরকারি পর্যায়ে প্রথম স্থান অর্জন করেছে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)। দ্বিতীয় হয়েছে বাংলাদেশ কৃষি গবেষনা ইনস্টিটিউট (বারি) ও তৃতীয় কৃষি বিপণন অধিদপ্তর (ডাম)। বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে প্রথম হয়েছে আগোরা লিমিটেড, দ্বিতীয় আকাশ ফল বিতান অ্যান্ড নার্সারি ও তৃতীয় হয়েছে সুবার্তা সোস্যাল এন্টারপ্রাইজ। শ্রেষ্ঠ ফল চাষির পুরস্কার অর্জন করছে চাপাইনবাবগঞ্জের মো. রফিকুল ইসলাম। পুরস্কার অর্জনকারী সকল প্রতিষ্ঠান ও ব্যক্তিকে ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হয়।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি সচিব মো. সায়েদুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা) কমলারঞ্জন দাশ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বেনজীর আলম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হর্টিকালচার উইংয়ের পরিচালক (ভারপ্রাপ্ত) ড. মো. সাইফুল ইসলাম।

মেলায় সরকারি ৬টি ও বেসরকারি ৬১টি প্রতিষ্ঠানের মোট ৮৫টি স্টলে বিভিন্ন জাতের ফল প্রদর্শন ও বিক্রি করা হয়।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*




## দিনাজপুরে বিজেআরআই তোষা পাট -৮ এর মাঠ দিবস

পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুর ও জুট ফার্মিং সিস্টেম বিভাগ, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত উচ্চফলনশীল জাত বিজেআরআই তোষা পাট-৮ (রবি-১) এর আঁশ উৎপাদন প্রযুক্তি জনপ্রিয়করণ ও সম্প্রসারণের লক্ষ্যে ০৬ জুলাই ২০২২ তারিখে দিনাজপুর জেলা খানসামা উপজেলার ভাবকি ইউনিয়নের কাচিনিয়া রামনগর গ্রামে এক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। উক্ত মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. মোঃ আবুল ফজল মোল্লা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কেন্দ্র, রংপুর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা কার্যালয়ের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদ ড. এ কে এম শাহাদৎ হোসেন ও ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদি ড. মোঃ বাবুল হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মোঃ মাহবুব আলী, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুর।

*মো. হারুন অর রশীদ, কৃতসা, রংপুর*

## মাননীয় কৃষিমন্ত্রীর সাথে ডাচ কৃষিমন্ত্রীর বৈঠক

শেষ পাতার পর

প্রতিষ্ঠান বাংলাদেশের সংস্কৃতি ও কৃষিপণ্য উৎপাদন এবং পণ্যের ব্যাপ্তি ও বহুবিধ ব্যবহার সম্পর্কে জানতে পারছে।

মাননীয় কৃষিমন্ত্রী ডাচ কৃষিমন্ত্রীকে বাংলাদেশ ও নেদারল্যান্ডসের বন্ধুত্বের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সম্প্রতি দি হেগ-এ ডাচ কৃষি মন্ত্রণালয়ের গবেষণা ও পরিবর্তন আনতে নেদারল্যান্ডসের সাথে নিবিড়ভাবে কাজ করতে আগ্রহী। মাননীয় কৃষিমন্ত্রী ডাচ কৃষি-ব্যবসা এবং কৃষি প্রযুক্তি বাংলাদেশে আকৃষ্ট করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে তাঁর সমর্থন ব্যক্ত করেন। বৈঠকে বাংলাদেশ দূতাবাস হতে



মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি নেদারল্যান্ডসের ইমেলুর্ডে শিল্পে ব্যবহার উপযোগী ও রপ্তানিযোগ্য জাতের আলু উৎপাদনের মাঠ পরিদর্শন করেন

অংশীদারিত্বে সফলভাবে আয়োজিত এগ্রি-বিজনেস কনক্লেভ এবং অংশগ্রহণকারী ডাচ agro-business কোম্পানিগুলো সম্পর্কে অবহিত করেন। মাননীয় কৃষিমন্ত্রী ওয়াগেনিংগেন বিশ্ববিদ্যালয়ের নতুন প্রেসিডেন্টের সঙ্গে তাঁর ফলপ্রসূ বৈঠক সম্পর্কেও ডাচ কৃষিমন্ত্রীকে অবহিত করেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বাংলাদেশের ১৭ কোটি মানুষের জন্য খাদ্য নিরাপত্তা টেকসই করতে এবং জলবায়ু পরিবর্তনজনিত জটিলতা মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার বাংলাদেশের কৃষিকে রূপান্তরিত করতে মনোযোগী। এর মধ্যে কৃষিকে জলবায়ু-সহনশীল করা, রাসায়নিক সার ও পানির ব্যবহার কমানো, ডিজিটালাইজড উৎপাদন ও বণ্টন, কৃষি-লজিস্টিক খাতকে উন্নত করার ক্ষেত্রে বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনার আওতায় দীর্ঘমেয়াদি চার্জ দ্য অ্যাফেয়ার্স নওরিদ শারমিন উপস্থিত ছিলেন।

একই দিন সকালে মাননীয় কৃষিমন্ত্রী নেদারল্যান্ডসের ইমেলুর্ডে শিল্পে ব্যবহার উপযোগী ও রপ্তানিযোগ্য জাতের আলু উৎপাদনের মাঠ পরিদর্শন করেন। মাঠ পরিদর্শনে আলুর বীজ উৎপাদন এবং আলুর বীজের গুণাগুণ নির্ণয় ও সত্যায়ন সংক্রান্ত ল্যাবরেটরি পরিদর্শন করেন। এ সময় তিনি বলেন, বাংলাদেশে আলু উৎপাদন বহুগুণে বাড়ান সম্ভব। কিন্তু বাজারজাতকরণে সমস্যা রয়েছে। শিল্পে ব্যবহার উপযোগী ও রপ্তানিযোগ্য জাতের আলু চাষ করতে পারলে এ সমস্যা কেটে যাবে। আমরা সেলক্ষ্যে কাজ করে যাচ্ছি। উল্লেখ্য, শিল্পে ব্যবহার উপযোগী ও রপ্তানিযোগ্য বেশ কিছু জাতের আলু নেদারল্যান্ডস থেকে বাংলাদেশে ইতোমধ্যে আনা হয়েছে, যেগুলোর পরীক্ষামূলক আবাদ শেষ হয়েছে এবং এখন কৃষক পর্যায়ে নেয়ার কাজ চলমান আছে।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## পুষ্টিজাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে সরকার কাজ

প্রথম পাতার পর

মেলায় আগত দর্শনার্থীরা ফল চাষের বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে জানতে এবং রাসায়নিকমুক্ত বিভিন্ন জাতের ফল ক্রয় করতে পারছেন। সরকারি ও বেসরকারিসহ ৬৭টি প্রতিষ্ঠান মেলায় অংশগ্রহণ করেছে।

উদ্বোধন শেষে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী সকল মানুষের জন্য নিরাপদ ও পুষ্টিসমৃদ্ধ খাদ্য নিশ্চিত করতে কাজ করছে। বর্তমানে একজন পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক ফলের চাহিদা ২০০ গ্রামের বিপরীতে মাত্র ৫৫-৬০ গ্রাম খেতে পারছে, এটিকে ২০০ গ্রামে উন্নীত করতে হবে। ১৭ কোটি মানুষের প্রত্যেকের জন্য ২০০ গ্রাম ফল নিশ্চিত করা অনেক চ্যালেঞ্জিং। সেজন্য, পুষ্টিজাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে সরকার কাজ করে যাচ্ছে। চালের উৎপাদনে আমরা যেমন বিপ্লব ঘটিয়েছি তেমনি ফলের উৎপাদনেও বিপ্লব ঘটাতে চাই। দেশি ফল বিলুপ্ত হবে না বলে জানান মাননীয় কৃষিমন্ত্রী। তিনি বলেন, দেশি ফলের জার্মপ্লাজম সংরক্ষণ করা হচ্ছে।

পরে কেআইবি মিলনায়তনে জাতীয় ফল মেলা উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে যোগ দেন মাননীয় কৃষিমন্ত্রী। কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলামের সভাপতিত্বে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান শেখ মোঃ বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের

**পুষ্টিজাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে সরকার কাজ করে যাচ্ছে। চালের উৎপাদনে আমরা যেমন বিপ্লব ঘটিয়েছি তেমনি ফলের উৎপাদনেও বিপ্লব ঘটাতে চাই।**

মহাপরিচালক বেনজীর আলম প্রমুখ বক্তব্য প্রদান করেন। এসময় মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও সংস্থাপ্রধানরা উপস্থিত ছিলেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সিএসও বাবুল চন্দ্র সরকার। তিনি জানান, বর্তমানে দেশে দেশি-বিদেশি ৭৮ রকমের ফল চাষ হচ্ছে। তবে উৎপাদিত ফলের শতকরা ৬০ ভাগই হচ্ছে আম, কলা ও কাঁঠাল।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## পুষ্টি কর্নার : চালতা

*সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা*



চালতার কোনো অনুমোদিত জাত নেই। চালতায় ক্যালসিয়াম ও শর্করা বিদ্যমান। কচি ফল পেটের গ্যাস, কফ, বাত ও পিত্তনাশক। পাকা ফলের রস চিনিসহ পান করলে সর্দিজ্বর উপশম হয়। রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও সিলেট জেলায় চালতা বেশি হয়। চাটনি আচার তৈরিতে চালতা ব্যবহৃত হয়। মাছ ডালের সঙ্গে রান্না করে খাওয়া হয়। তাছাড়া চালতার টক রান্না বিশেষ করে গরমকালে বেশ জনপ্রিয়।

## রাজশাহীতে গমের ব্লাস্ট রোগের কারণ ও প্রতিকার শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




*কর্মশালায় বক্তব্য রাখছেন প্রধান অতিথি জনাব কমলারঞ্জন দাশ, অতিরিক্ত সচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়*

১৫ জুন ২০২২ বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর এর আয়োজনে রাজশাহীর আঞ্চলিক গম ও ভুট্টা গবেষণার সেমিনার কক্ষে দিনব্যাপী কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা) কমলারঞ্জন দাশ।

প্রধান অতিথি বক্তব্যে বলেন, লাভজনক, টেকসই ও পরিবেশ বান্ধব একটি কৃষি ব্যবস্থা নিশ্চিতকরণের চেষ্টা চলছে। গম বাংলাদেশের দানা ফসলে মধ্যে ২য় এর চাষাবাদ বৃদ্ধি সম্প্রসারণ আরো করতে হবে। ব্লাস্ট গমের একটি মারাত্মক রোগ ব্লাস্ট রোগ প্রতিরোধী জাত হিসেবে 'বারি গম-৩৩' নামে জাতটি মাঠ পর্যায়ে বেশ ভাল।

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট দিনাজপুরের পরিচালক কৃষিবিদ ড. মো. গোলাম ফারুক এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ শামসুল ওয়াদুদ এবং ফল গবেষণা কেন্দ্রের প্রধান কৃষিবিদ ড. আলিমউদ্দিন। কর্মশালায় গম চাষের বর্তমান পরিস্থিতি ও চাষাবাদ সম্পর্কে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট রাজশাহীর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. ইলিয়াস হোসেন। কর্মশালায় ডিএই, এসসিএ, এআইএস, হর্টিকালচার, বিএডিসি, বিএমডিএ, এসআর-ডিআই, বিএআরআই, কৃষক-কৃষাণী, সাংবাদিকসহ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য বারি গম-৩৩ জাতটি ৯০ থেকে ৯৫ শতাংশ ব্লাস্ট রোগ প্রতিরোধে সক্ষম এর জীবনকাল ১০৮-১১৪ দিন। উপযুক্ত পরিবেশে হেক্টরপ্রতি ফলন চার থেকে পাঁচ মেট্রিক টন। জাতটি ১৫ থেকে ৩০ নভেম্বরের মধ্যে বপনের উপযুক্ত সময়। তবে মধ্যম মাত্রার তাপ সহনশীল হওয়ায় এটি ৫ থেকে ১০ ডিসেম্বরের মধ্যে বপন করলে অন্য জাতের তুলনায় বেশি ফলন পাওয়া যায়।

*কৃষিবিদ মো: আব্দুল্লাহ-হিল-কাফি*
*কৃতসা, রাজশাহী*

## রপ্তানি বৃদ্ধির মাধ্যমে কৃষিকে আরও উন্নত করতে

*শেষ পাতার পর*

করতে না পারলে এটি সম্ভব হবে না। কোন ফসলের উৎপাদন একটু বাড়লেই কৃষকেরা ন্যায্যমূল্য পায় না। সেজন্য আমরা কৃষিপণ্যের রপ্তানি বাড়াতে কাজ করছি। রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতা নিরসনে কাজ চলছে।

তিনি বলেন, কৃষিপণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণে নেদারল্যান্ডস শীর্ষস্থানীয় দেশ, বর্তমানে দ্বিতীয় অবস্থানে। নিয়ন্ত্রিত পরিবেশে (গ্রিন হাউস, বিরূপ পরিবেশে) ফসল উৎপাদনে বিশ্বের উদাহরণ। নেদারল্যান্ডসের এ অভিজ্ঞতা ও প্রযুক্তিকে আমরা কাজে লাগাতে কাজ করছি। সভায় প্রবাসী ব্যবসায়ীরা বাংলাদেশ থেকে কৃষিপণ্য আনার ক্ষেত্রে নানা সমস্যা তুলে ধরেন। *প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## দক্ষিণাঞ্চল বাংলাদেশের কৃষি সম্ভাবনার বড় জায়গা– মহাপরিচালক, বিএআরআই




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন ড. দেবাশীষ সরকার মহাপরিচালক, বিএআরআই*

দক্ষিণাঞ্চল বাংলাদেশের কৃষি সম্ভাবনার বড় জায়গা। এ অঞ্চলের শস্যনিবিড়তা দেড়গুণ বাড়ানোর সুযোগ রয়েছে। তা বাস্তবায়ন হলে এখানকার কৃষিকে অনন্য উচ্চতায় নিয়ে যাওয়া সম্ভব হবে। ৬ জুন ২০২২ বরিশালের আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে আঞ্চলিক গবেষণা-সম্প্রসারণ পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন বিষয়ক দুই দিনব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এসব কথা বলেন। আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আয়োজক প্রতিষ্ঠানের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মো. রফি উদ্দিন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন তেলবীজ গবেষণা কেন্দ্রের পরিচালক ড. মো. আব্দুল লতিফ আকন্দ, বরিশাল অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক হৃদয়েশ্বর দত্ত এবং ফরিদপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক স্বপন কুমার খাঁ। কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তরের কর্মকর্তা, এনজিও প্রতিনিধি, কৃষক প্রমুখ অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## চট্টগ্রামে ফল মেলা অনুষ্ঠিত

বছরব্যাপী ফলচাষে, অর্থপুষ্টি দুই-ই আসে এই প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় ফল মেলা ২০২২ এর সাথে সঙ্গতি রেখে চট্টগ্রামেও আয়োজিত হয়েছে জেলা ফল মেলা ২০২২। ১৬ জুন ২০২২ তারিখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে চট্টগ্রামের আগ্রাবাদস্থ খামারবাড়ি চত্বরে অনুষ্ঠিত মেলাটি উদ্বোধন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ মুকুল চন্দ্র রায়। এ সময় অন্যান্যর মধ্যে আরও উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চট্টগ্রাম জেলার উপপরিচালক কৃষিবিদ মোঃ আক্তারুজ্জামান এবং প্ল্যান্টকোয়ারেন্টাইন স্টেশন সমুদ্র বন্দরের উপপরিচালক কৃষিবিদ মোঃ নাসির উদ্দিন।

উক্ত অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তা, উপসহকারী কর্মকর্তা কৃষক-কৃষাণী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী ও এআইএস চট্টগ্রামে প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।



*ফল মেলা পরিদর্শন করেছেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ মুকুল চন্দ্র রায়*



সচিবালয়ে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি এর সাথে বৈঠক করেন মালদ্বীপের হাইকমিশনার শিরুজিমাথ সামীর। বৈঠকে মালদ্বীপের হাইকমিশনার শিরুজিমাথ সামীর বাংলাদেশ থেকে আম নেয়ার আগ্রহ ব্যক্ত করেন। এ ছাড়া বাংলাদেশের বিশাল সামুদ্রিক সম্পদের আহরণে মালদ্বীপ সহযোগিতা করবে উল্লেখ করেন (মঙ্গলবার, ২১ জুন ২০২২)। *প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের রোভিং সেমিনার

পাবনা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে উপপরিচালক কার্যালয়ের অফিস চত্বরে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের (১ম সংশোধিত) আওতায় অদ্য ১৪ জুন ২০২২ রোভিং সেমিনার অনুষ্ঠিত হয়। পাবনার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক (পিপি) কৃষিবিদ মো: আব্দুল লতিফ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. মো. সাইফুল আলম উক্ত সেমিনারের শুভ উদ্বোধন করেন। প্রধান অতিথির বক্তব্যে বলেন, বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ুর প্রভাবে কৃষি কাজ প্রায়ই বিড়ম্বনায় পড়ে থাকে। এই বিড়ম্বনা ও জলবায়ুর প্রতিকূলতার মধ্যেই সতর্কতা ও সচেতনতা অবলম্বন করে কৃষিকাজগুলোকে এগিয়ে নিতে হয়। এ জন্য এ ধরনের সেমিনারের কোন বিকল্প নেই বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি সেমিনারে অংশ গ্রহণকারীদের মনোযোগী হয়ে জ্ঞানার্জনের অনুরোধ জানান ।




উক্ত অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তরের কর্মকর্তা, প্রতিনিধি, কৃষক প্রমুখ উপস্থিত ছিলেন।

*আশিষ তরফদার, কৃতসা, পাবনা*

## কৃষকের সাথে, কৃষকের পাশে কৃষি সম্প্রসারণ

দেশের কৃষি ও কৃষকের উন্নয়নে বিভিন্ন কৃষি প্রযুক্তি সম্প্রসারণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। প্রকৃতিক দুর্যোগে কৃষক ও কৃষির উন্নয়নে এবার সম্পূর্ণ ব্যক্তিগত উদ্যোগে বন্যার্ত ও বানভাসি কৃষকদের পাশে দাঁড়িয়েছে বিসিএস (কৃষি) ক্যাডারের কর্মকর্তাবৃন্দ। গত ৭ জুলাই ২০২২ দিনব্যাপী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মো. বেনজীর আলম সুনামগঞ্জ জেলার ছাতক, শান্তিগঞ্জ ও জগন্নাথপুর এবং সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ ও গোলাপগঞ্জ উপজেলায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সাথে কথা বলেন, সাহসের সাথে বন্যা পরিস্থিতি মোকাবেলা করে পরবর্তী কৃষি কর্মকাণ্ড শুরু করার জন্য কৃষকদের অনুপ্রেরণা যোগান। বন্যা পরবর্তী সময়ে খাদ্য ও পুষ্টি ঘাটতি পূরণে স্বল্পমেয়াদি শাকসবজির বীজ কৃষকের মাঝে বিতরণ করেন। পাশাপাশি ঈদ উপলক্ষ্যে কৃষকদের ঘরেও যেন খুশির আমেজ ছড়িয়ে পড়ে সেজন্য প্রায় দুই হাজার কৃষক পরিবারের মাঝে চাল, ডাল, আলু, পিয়াজ, লবণ, তেল, চিনি ও সেমাই বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন কৃষিবিদ মো. শামুছুল হক, পরিচালক, প্রশাসন; কৃষিবিদ হাবিবুর রহমান চৌধুরী, পরিচালক, সরেজমিন উইং; কৃষিবিদ তারিক মাহমুদুল ইসলাম, প্রকল্প পরিচালক, খামার যান্ত্রিকীকরণ প্রকল্প; কৃষিবদ মো: ফারুক হোসেন, প্রকল্প পরিচালক, সাইট্রাস প্রকল্প; কৃষিবিদ মো. মোখলেছুর রহমান, প্রকল্প পরিচালক, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা, কৃষিবিদ মো. মোশারফ হোসেন খান, অতিরিক্ত পরিচালক, ডিএই, সিলেট অঞ্চল, সিলেট প্রমুখ। এ ছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।




*অনুষ্ঠানে ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে ত্রাণ বিতরণ করছেন কৃষিবিদ মো. বেনজীর আলম, মহাপরিচালক, ডিএই*

*আ.ন.ম বোরহান উদ্দিন ভুঞা, কৃতসা, সিলেট*




ঝালকাঠি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ১০ জুন ২০২২ প্রধান অতিথি জনাব মো. জোহর আলী, জেলা প্রশাসক, ঝালকাঠিতে তেল ফসলি কৃষকদের পুরস্কার বিতরণ করছেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## নেদারল্যান্ডসে বর্ণাঢ্য কর্মসূচিতে বাংলাদেশ

প্রথম পাতার পর

বক্তব্য রাখেন একই সাথে, বাংলাদেশী শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরে বাংলাদেশ প্যাভিলিয়নে আম উৎসবের উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মো: আব্দুর রাজ্জাক এমপি।

এসময় মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বাংলাদেশের আম অত্যন্ত সুস্বাদু ও সম্ভাবনাময়। এ আমের রপ্তানির সম্ভাবনাকে আমরা পুরোপুরি কাজে লাগাতে চাই। বাংলাদেশের আমকে ইউরোপসহ বিশ্ববাজারে নিয়ে যেতে চাই। এ লক্ষ্যে এই আম উৎসবের আয়োজন করা হয়েছে। এর মাধ্যমে আমাদের আম আরও জনপ্রিয় হবে ও আমের রপ্তানির সুযোগ তৈরি হবে। এ ছাড়া আমরা বাংলাদেশের রপ্তানিকে বহুমুখী করতে চাই, এক্ষেত্রে আম রপ্তানির মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারব। রাষ্ট্রদূত রিয়াজ হামিদুল্লাহ বলেন, আজকের দিনটি উৎসবের ও আনন্দের দিন। অনেক সীমাবদ্ধতার মধ্যেও আমরা এরকম আন্তর্জাতিক এক্সিবিশনে প্রথমবারের মতো অংশগ্রহণ করতে পেরেছি। নেদারল্যান্ডসের সাথে বাংলাদেশের দ্বিপাক্ষীয় সম্পর্কের ৫০ বছর পূর্তির সময়ে এ আয়োজন অনন্য মর্যাদার।

প্যাভিলিয়নে আগত দর্শনার্থীদেরকে আমসহ বিভিন্ন কৃষিপণ্যের সম্ভাবনা তুলে ধরা হয় ও তাদেরকে আম খাওয়ানো হয়। দর্শনার্থীরা বাংলাদেশের আমের প্রশংসা করেন।

এসময় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ওয়াহিদা আক্তার, অতিরিক্ত সচিব মো. রুহুল আমিন তালুকদার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ার, বাংলাদেশের রাষ্ট্রদূত এম রিয়াজ হামিদুল্লাহ, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব রেহানা ইয়াসমিন, বাংলাদেশের কৃষিপণ্য রপ্তানিকারকদের প্রতিনিধি ও দূতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## কৃষিতে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সার্বক্ষণিক

প্রথম পাতার পর

সাম্প্রতিক বন্যায় সিলেট, সুনামগঞ্জসহ ১২টি জেলায় ফসলের অনেক ক্ষয়ক্ষতি হয়েছে, আগস্টে আরেকটি ভয়াবহ বন্যার পূর্বাভাস রয়েছে। কৃষি মন্ত্রণালয় সেভাবেই প্রস্তুতি নিয়েছে, এটি একটি রুটিন কাজ। আমরা ব্যাপক পুনর্বাসন কর্মসূচি গ্রহণ করেছি। একইসাথে নাবী জাতের (লেইট ভ্যারাইটি) ধান চাষে গুরুত্ব দেয়া হচ্ছে। ১৪ জুলাই ২০২২ সচিবালয়ে মন্ত্রণালয়ের কনফারেন্স রুমে কৃষিখাতে সরকারি বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) নিয়ে পর্যালোচনা সভায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। কৃষিসচিব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সংস্থা প্রধান এবং কৃষি-শিল্প উদ্যোক্তা ও ব্যবসায়ী প্রতিনিধিরা সভায় উপস্থিত ছিলেন।

কৃষকের জীবনমানের উন্নয়নে কৃষিতে সরকারের মূল লক্ষ্য কৃষিকে বাণিজ্যিকীকরণ করা উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, সরকার সেলক্ষ্য কাজ করছে। তবে এক্ষেত্রে বেসরকারিশিল্পোদ্যোক্তাদেরও সহযোগিতা প্রয়োজন। বিশেষ করে কৃষি প্রক্রিয়াজাতকরণ ও যান্ত্রিকীকরণে বেসরকারি শিল্পোদ্যোক্তাদের এগিয়ে আসতে হবে। কৃষিযন্ত্র অনেক ব্যয়বহুল, ৯০% যন্ত্র আমদানিনির্ভর। এসব কৃষিযন্ত্র আমরা দেশে উৎপাদন করতে চাই। পিপিপি এখানে বিরাট ভূমিকা রাখতে পারবে।

বেসরকারি শিল্পোদ্যোক্তারা এগিয়ে আসলে তাদেরকে প্রযুক্তিগত, অর্থনৈতিক, পলিসিসহ সকল বিষয়ে সহযোগিতা প্রদান করা হবে বলে জানান মাননীয় কৃষিমন্ত্রী। এছাড়া বর্তমানে ডাল, তেলসহ যেসব কৃষিপণ্য আমদানি করতে হয়, তা উৎপাদনে ৪% সুদে ঋণ দেয়া হচ্ছে এবং ভবিষ্যতে সকল কৃষিপণ্যে ৪% সুদে ঋণ দেয়ার প্রচেষ্টা চলছে বলেও জানান তিনি।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## বন্যায় বড় ক্ষতি হবে না, মোকাবিলার ব্যাপক প্রস্তুতি

শেষ পাতার পর

মন্ত্রণালয় সর্বোচ্চ সহযোগিতা করবে।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, নানাবিধ সমস্যার কারণে এ দেশে বহুবার খাদ্য সংকটের নজির রয়েছে। কিন্তু বর্তমান সরকারের ক্ষমতাকালীন সময়ে কখনও খাদ্যের অভাব হয়নি। এমনকি খাদ্যের জন্য হাহাকারও করতে দেখা যায়নি কখনো। বিশ্ব পরিস্থিতির কারণে এ দেশেও বিরূপ প্রভাব ফেলছে। তারপরও আমরা পরিকল্পিত কর্মসূচি নেওয়ার চেষ্টা করছি। কৃষি উৎপাদনে যেন কোনো ব্যাঘাত না ঘটে সেজন্য এ বছর ২৮ হাজার কোটি টাকা সারে ভর্তুকি দিয়েছি। যেটা অন্যান্য দেশও পারেনি। সেজন্য বিশ্ববাজারে সারের অস্বাভাবিক দাম বাড়লেও এদেশে সারের পর্যাপ্ত সরবরাহ রয়েছে।

সেমিনারে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি। সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন অ্যামেরিটাস অধ্যাপক ও বাকৃবির সাবেক উপাচার্য ড. এম এ সাত্তার মন্ডল। এসময় তিনি বলেন, গ্রামে এখন একটা নতুন অভিজাত ক্লাস গড়ে উঠছে। যাদের নিজের জমি আছে কি নাই সেটা মুখ্য নয়, কিন্তু তাদের আছে মেধা, দক্ষ কৃষি উদ্যোগ, পুঁজি ও বিদ্যা-বুদ্ধি। তারা তথ্যপ্রযুক্তি জ্ঞানসমৃদ্ধ এবং আধুনিক কৃষির প্রযুক্তি সম্পর্কে অবহিত। এ শ্রেণিটির প্রধান শক্তি হচ্ছে, আধুনিক কৃষি এবং ব্যবসায়িক কৃষি সম্পর্কে জ্ঞান। এদের প্রত্যেকেই লাভজনক কৃষি পণ্যের বাজারের দিকে একটা ঝোঁক সৃষ্টি হয়ে গেছে। তাদের দরকার প্রয়োজনতো ঋণ, কারিগরি সহায়তা ও আধুনিক কৃষি বিপণনব্যবস্থা। তবে কৃষি আরো এগিয়ে নিতে আমদানি কমাতে হবে। লবণ সহিষ্ণু জাত উদ্ভাবনে মনোযোগ আরো বাড়াতে হবে, স্মার্ট এগ্রিকালচার টেকনোলজি ব্যবহার করার তাগিদও দেন তিনি।

> গ্রামে এখন একটা নতুন অভিজাত ক্লাস গড়ে উঠছে। যাদের নিজের জমি আছে কি নাই সেটা মুখ্য নয়, কিন্তু তাদের আছে মেধা, দক্ষ কৃষি উদ্যোগ, পুঁজি ও বিদ্যা-বুদ্ধি। তারা তথ্যপ্রযুক্তি জ্ঞান সমৃদ্ধ এবং আধুনিক কৃষির প্রযুক্তি সম্পর্কে অবহিত।

কৃষি সচিব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধের উপর আলোচনা করেন চ্যানেল আইয়ের পরিচালক ও বার্তা প্রধান শাইখ সিরাজ, ঢাকা ট্রিবিউনের নির্বাহী সম্পাদক রিয়াজ আহমেদ, দৈনিক জনকণ্ঠের চিফ রিপোর্টার কাওসার রহমান, প্রথম আলোর বিশেষ প্রতিনিধি গোলাম ইফতেখার মাহমুদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক ড. সুরজিত সাহা রায়।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*




কৃষিবিষয়ক আধুনিক ভিডিও চিত্রের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য জেনে নিতে ভিজিট করুন এআইএসটিউব

(aistube.com)

সম্প্রসারণ বার্তা

৪৬তম বর্ষ ❑ তৃতীয় সংখ্যা
❑ আষাঢ়-১৪২৯ বঙ্গাব্দ; জুন-জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

## রপ্তানি বৃদ্ধির মাধ্যমে কৃষিকে আরও উন্নত করতে চাই : মাননীয় কৃষিমন্ত্রী



*নেদারল্যান্ডসের দ্য হেগে বাংলাদেশ দূতাবাস বাংলাদেশ ভবনে প্রবাসী বাংলাদেশী ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, দেশে খাদ্য নিরাপত্তা একসময় বড় চ্যালেঞ্জ ছিল। বর্তমান সরকারের আমলে খাদ্য নিরাপত্তায় অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। দুর্যোগেও দেশে এখন খাদ্য সংকট হয় না। ০২ জুলাই ২০২২ শনিবার সকালে নেদারল্যান্ডসের দ্য হেগে বাংলাদেশ দূতাবাস বাংলাদেশ ভবনে প্রবাসী বাংলাদেশী ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

মাননয়ি কৃষিমন্ত্রী বলেন, দেশের কৃষি অনেক উন্নত হয়েছে, এটিকে আমরা আরও উন্নত করতে চাই। কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধি *এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*

## মাননীয় কৃষিমন্ত্রীর সাথে ডাচ কৃষিমন্ত্রীর বৈঠক



*মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি নেদারল্যান্ডসের কৃষি মন্ত্রণালয়ের কৃষিমন্ত্রী Henk Staghouwer এর সাথে আনুষ্ঠানিক সাক্ষাৎ করেন।*

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি ০৫ জুলাই ২২ সোমবার নেদারল্যান্ডসের কৃষিমন্ত্রী Henk Staghouwer এর সাথে সে দেশের কৃষি মন্ত্রণালয়ে আনুষ্ঠানিক সাক্ষাৎ করেন। বৈঠকে দুই দেশের মধ্যে কৃষিপ্রযুক্তি খাতে সহযোগিতা ও বিনিয়োগ নিয়ে আলোচনা হয়।

ডাচ কৃষিমন্ত্রী ফ্লোরিয়াডে এক্সপোতে বাংলাদেশের অংশগ্রহণের জন্য বাংলাদেশের কৃষিমন্ত্রীকে অভিনন্দন জানান। তিনি বলেন, এর ফলে নেদারল্যান্ডসসহ ইউরোপের বিভিন্ন দেশ হতে আগত দর্শনার্থী ও ব্যবসায়ী

*এরপর পৃষ্ঠা ৪ কলাম ১*

## বন্যায় বড় ক্ষতি হবে না, মোকাবিলার ব্যাপক প্রস্তুতি রয়েছে : মাননীয় কৃষিমন্ত্রী




*কেআইবি কনভেনশন হলে 'বৈশ্বিক পরিস্থিতিতে খাদ্য নিরাপত্তায় কৃষি ও গণমাধ্যম' বিষয়ক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেন, এখন মাঠে বড় ধরনের কোন ফসল নেই। এ বন্যায় যতটুকু ক্ষতি হবে, সেটা পুষিয়ে নেওয়া সম্ভব। সেজন্য ইতোমধ্যে ব্যাপক প্রস্তুতিও শুরু করা হয়েছে। ফলে এ বন্যায় বড় ধরনের ক্ষতি হবে না। রোববার ১৯ জুন ২০২২ সকালে ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) কনভেনশন হলে কৃষি তথ্য সার্ভিসের আয়োজনে 'বৈশ্বিক পরিস্থিতিতে খাদ্য নিরাপত্তায় কৃষি ও গণমাধ্যম' বিষয়ক সেমিনারে তিনি এসব কথা বলেন।

এ সময় মানননীয় কৃষিমন্ত্রী বলেন, বন্যায় আমন ধানের ক্ষতি হবেনা। সারাদেশে খুব বেশি বীজতলা করা হয়নি এখনো। যা হয়েছে সেটাও নষ্ট হলে খুব সমস্যা হবে না। আমাদের কাছে পর্যাপ্ত বীজ সংরক্ষিত আছে, পরবর্তীতে সেগুলো চাষিদের দেয়া হবে। আমরা পর্যাপ্ত বরাদ্দ রেখেছি। যদি বড় কোন ক্ষয়ক্ষতি হয়। সেটা পুষিয়ে নেয়ার জন্য কৃষি *এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩*

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০, ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd